



## দ্বাদশ শ্রেণী পর্যন্ত মেয়েদের শিক্ষা অবৈতনিক করা হইবে

রেজামুর রহমান ॥ দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে দ্বাদশ শ্রেণী পর্যন্ত মেয়েদের শিক্ষা অবৈতনিক করা হইবে। গত রবিবার শিক্ষা মন্ত্রণালয়ের এক সভায় এব্যাপারে প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করা হয়। সভায় ভতি সমস্যা সমাধানের লক্ষ্যে অগ্রসর স্কুল সমূহে একাদশ ও দ্বাদশ শ্রেণী খোলার ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত গৃহীত হয়। শীঘ্রই সরকারীভাবে এ ব্যাপারে ঘোষণা প্রদান করা হইবে।

বর্তমানে দেশে ৮ম শ্রেণী পর্যন্ত মেয়েদের বেতন মওকুফ রহিয়াছে। মন্ত্রণালয়ের এক সমীক্ষায় দেখা গিয়াছে বেতন মওকুফ হওয়ায় দেশে নারী শিক্ষার হার বৃদ্ধি পাইয়াছে। শুধু শহরে নয় গ্রামেও মেয়েরা অধিক হারে স্কুল মুখী হইয়াছে। শিক্ষা মন্ত্রণালয়ের সভায় এব্যাপারে বিশদ আলোচনার পর বলা হয়, বেতন মওকুফ ও বৃত্তির ব্যবস্থা করা হইলে অতি সহজেই একটি মেয়ে দ্বাদশ শ্রেণী পর্যন্ত লেখাপড়া করিতে সক্ষম হইবে। ফলে গ্রামে-গঞ্জে শিক্ষা গ্রহণের প্রবণতা ক্রমশঃ বৃদ্ধি পাইবে।

সভায় ভতি সমস্যা সমাধানের লক্ষ্যে যথা সম্ভব সকল স্কুলে দ্বাদশ শ্রেণী খোলার ব্যাপারে মতামত গ্রহণ করা হয়। গতকাল শিক্ষা সচিব ইরশাদুল হক বলেন

শিক্ষা ব্যবস্থা সংস্কার করার প্রাথমিক উদ্যোগ গ্রহণ করা হইয়াছে। বৃত্তিমূলক ও কারিগরি শিক্ষা ব্যবস্থার আওতায় ১৪২টি বিষয়ে শিক্ষাদানের কথা ভাবা হইতেছে। ইতিমধ্যে কলেজসমূহে ভতি পরীক্ষা পদ্ধতি পরিবর্তন করা হইয়াছে। বিশ্ববিদ্যালয়সমূহেও এইচ এস সি পরীক্ষায় অর্জিত নম্বরের ভিত্তিতে ছাত্র ভতির পরামর্শ দেওয়া হইবে। এবিষয়ে যথা শীঘ্র সম্ভব সকল বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলরদের নিয়া একটি সভা করা হইবে। তিনি বলেন, ৮ম শ্রেণী পর্যন্ত মেয়েদের বেতন মওকুফ হওয়ায় আশাশীত সাফল্য অর্জিত হইয়াছে। ভবিষ্যতে দ্বাদশ শ্রেণী পর্যন্ত মেয়েদের বেতন মওকুফ করা হইবে।